সংবাদ

তারিখ ... ... 18 MAR 2008
পৃষ্ঠা ১ কলাম ১

এসএসসি পরীক্ষা

# মির্জাগঞ্জ কেন্দ্রে ১৫ ভুয়া পরীক্ষার্থীর নামে প্রবেশপত্র পাঠিয়েছে বরিশাল বোর্ড

প্রতিনিধি, পটুয়াখালী

পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার মির্জাগঞ্জ এসএসসি পরীক্ষা কেন্দ্রে ১৫ ভুয়া পরীক্ষার্থীর নামে প্রবেশপত্র প্রদান করেছে বরিশাল শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ।

মির্জাগঞ্জ উপজেলার মির্জাগঞ্জ ইউনিয়ন দরগা শরীফ মাধ্যমিক বিদ্যালয় সূত্রে জানা গেছে, আগামী ২৭ মার্চ বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা। ওই পরীক্ষা উপলক্ষে মির্জাগঞ্জ ইউনিয়ন দরগা শরীফ মাধ্যমিক বিদ্যালয়ের নামে বরিশাল শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ১৫ ভুয়া শিক্ষার্থীদের নামে প্রবেশপত্র পাঠিয়েছে।

ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. খলিলুর রহমান সাংবাদিকদের জানান, তার বিদ্যালয় থেকে ২০০৮ সালের ২৭ মার্চ অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা উপলক্ষে ২০ শিক্ষার্থী ওই পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করে। ফরম পূরণের পর তিনি ওই সব ফরমে বিধি মোতাবেক সই ও বিদ্যালয়ের সিল ব্যবহার করে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে যথাসময়ে পাঠিয়ে দেন।

গত ১৫ মার্চ এসএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র আনার জন্য ওই প্রধান শিক্ষক মির্জাগঞ্জ উপজেলার সুবিদখালী কেন্দ্রে যান। এ সময় তাকে ২০ পরীক্ষার্থীদের প্রবেশপত্রের সঙ্গে আরও ১৫টিসহ মোট ৩৫টি প্রবেশপত্র কেন্দ্র সচিব প্রদান করেন। ৩৫টি প্রবেশপত্র পেয়ে তিনি সঙ্গে সঙ্গে কেন্দ্র সচিবের কাছে এ ব্যাপারে বিস্ময় প্রকাশ করে বলেন, তার বিদ্যালয়ের পরীক্ষার্থীর সংখ্যা ২০। কিন্তু ৩৫টি প্রবেশপত্র কিভাবে তার বিদ্যালয়ের নামে এসেছে। কেন্দ্র সচিব এর কোন উত্তর দিতে না পারায় ওই প্রধান শিক্ষক বিষয়টি বরিশাল শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের সঙ্গে আলাপ করেন।

এ ব্যাপারে বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. শাহ আলমগীরের সঙ্গে বার বার যোগাযোগ করার চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

বরিশাল শিক্ষা বোর্ডের সচিব ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান আবদুস ছালাম হাওলাদার এ প্রতিনিধিকে বলেন, তিনি বিষয়টি শুনেছেন এবং এ ঘটনাকে তিনি ভুল বলে আখ্যায়িত করেন। তিনি ওই ১৫টি ভুয়া প্রবেশপত্র ফিরিয়ে নেয়ার জন্য বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে নির্দেশ দিয়েছেন বলে উল্লেখ করেন।